

সাভার প্রকল্পের প্লট বরাদ্দের সংশোধিত নীতিমালা অনুযায়ী আবেদনের যোগ্যতা/অযোগ্যতা- অফিসার

১। **আবেদনের যোগ্যতা :** বাংলাদেশ নৌবাহিনীর চাকুরীরত/অবসরপ্রাপ্ত অফিসারগণ নিম্নলিখিত যোগ্যতার ভিত্তিতে বাংলাদেশ নৌবাহিনী কো-অপারেটিভ হাউজিং সোসাইটির সাভার প্রকল্পের প্লটের জন্য আবেদন করতে পারবেনঃ

ক। কর্মকর্তাদের মধ্যে যাহাদের বয়স ন্যূনতম ৩৮ বৎসর হয়েছে এবং অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ যারা স্ব-স্ব পদবীর চাকুরীর মেয়াদ সম্পূর্ণ করেছেন।

২। **আবেদনের অযোগ্যতা :**

ক। চাকুরী হতে বরখাস্ত কিংবা শৃঙ্খলাজনিত কারণে অপসারিত হয়ে থাকলে আবেদন করতে পারবে না। পরবর্তীতে উদ্ধৃতন কর্তৃপক্ষ কর্তৃক বিশেষ বিবেচনায় বরখাস্ত কিংবা শৃঙ্খলাজনিত কারণে অপসারণের স্থলে অবসর প্রদান করা হলেও আবেদনের অযোগ্য থাকবেন।

খ। চাকুরী হতে অবসর গ্রহণের পর আইন শৃঙ্খলা ভঙ্গের কিংবা রাষ্ট্রদ্রোহিতার অপরাধে অপরাধী হলে আবেদনের অযোগ্য হবেন।

গ। চাকুরী হতে অবসর গ্রহণের পর ফৌজদারী আদালতে দোষী সাব্যস্ত হলে তিনি আবেদন করতে পারবেন না।

ঘ। ডিওএইচএস/জলসিডি অথবা অন্য কোন সরকারী হাউজিং প্রকল্পে প্লট বরাদ্দ প্রাপ্তগণ সাভার প্রকল্পে প্লট বরাদ্দের জন্য আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

ঙ। বাংলাদেশ নৌবাহিনীতে প্রেষন অথবা সেকেন্ডমেন্ট এ কর্মরত অফিসারগণ আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।